

## টেক্সটাইল শিল্পে ৩১ হাজার জনের প্রশিক্ষণ ব্যবস্থা

সিহিয়া শারমিন

টেক্সটাইল খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সারাদেশে ৩০ হাজার ৯৬০ জনকে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন। স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রকল্পের অধীনে বিনামূল্যে এ প্রশিক্ষণ দেওয়া হবে। আগামী তিন বছরে এ প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। প্রথম বছরে ৬ হাজার ১৯২ জন, দ্বিতীয় বছরে ১০ হাজার ৮৩৬ এবং তৃতীয় বছরে ১৩ হাজার ৯৩২ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে।

যেসব বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে, সেই বিষয় বা প্রশিক্ষণ কর্মসূচিকে তিনভাগে ভাগ করা হয়েছে। কোর্সগুলো হচ্ছে- বেসিক, ইন্টারমিডিয়েট ও অ্যাডভান্সড কোর্স। এই তিনটি ভাগে থাকবে ২০টি বেসিক কোর্স। বেসিক কোর্স : ফান্ডামেন্টালস অব ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং, ব্লুম-বেসিকস অ্যান্ড অপারেশনস, কার্ডিং : বেসিকস অ্যান্ড টেকনিকস, রিং ফ্রেম : বেসিকস অ্যান্ড টেকনিকস, কোয়ালিটি কন্ট্রোল ইন স্পিনিং, ওয়েভিং ফান্ডামেন্টালস, বেসিক ওভেন স্ট্রাকচার, নিটিং ফান্ডামেন্টালস, ওয়ার্কিং উইথ সার্কুলার নিটিং মেশিন, ওয়ার্কিং উইথ ভি বেড নিটিং মেশিন, ওয়ার্কিং উইথ ওয়েভিং ক্যাড, প্রিপারেটরি প্রসেস ইন ওয়েভিং, ফান্ডামেন্টালস অব ডাইং, ফান্ডামেন্টালস অব প্রিন্টিং, কোয়ালিটি ম্যানেজমেন্ট ইন ডাইং অ্যান্ড প্রিন্টিং, শেডস অ্যান্ড শেড অ্যাসেসমেন্ট, ইটিপি : ফান্ডামেন্টালস অ্যান্ড অপারেশন, প্যাটার্ন অ্যান্ড মার্কার মেকিং ফান্ডামেন্টালস, সুইং বেসিকস অ্যান্ড সুইং মেশিনস ও ওয়ার্কিং উইথ গার্মেন্টস ক্যাড। এই বেসিক প্রশিক্ষণ কোর্সের মেয়াদ হবে এক মাস। ইন্টারমিডিয়েট কোর্স : ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, ফেব্রিক স্ট্রাকচার অ্যান্ড ডিজাইন, ওয়েভিং টেকনোলজি, নিটিং টেকনোলজি, ওয়েট প্রসেসিং টেকনোলজি, ফিনিশিং টেকনোলজি, গার্মেন্টস ক্যাড : ফ্রম প্যাটার্ন টু মার্কার এবং অ্যাপারেল মার্চেন্ডাইজিং বেসিকস। এই আটটি কোর্সের মেয়াদ হবে দুই মাস। অ্যাডভান্সড কোর্স : অ্যাডভান্স পর্যায়ে চারটি কোর্স। এগুলো হচ্ছে- মডার্ন টেকনোলজি ইন ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং, ওয়েভিং, নিটিং এবং ওয়েট প্রসেসিং। এই চারটি কোর্সের মেয়াদ এক সপ্তাহ। যোগ্যতার মাপকাঠি বেসিক ও ইন্টারমিডিয়েট পর্যায়ে কোর্সগুলোয় নতুনরা অংশ নিতে পারবেন। অন্যদিকে, বিভিন্ন ফ্যাক্টরিতে যারা কাজ করছেন, তাদের জন্য অ্যাডভান্সড কোর্স। আবেদনকারীর বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে। বেসিক ও ইন্টারমিডিয়েট কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী। তবে অক্ষরজ্ঞান থাকলেও আবেদন করা যাবে। আর অ্যাডভান্সড কোর্সের জন্য প্রার্থীকে হতে হবে এইচএসসি পাস। যেভাবে আবেদন প্রশিক্ষণ সম্পর্কে ইতিমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তাছাড়া যেখানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, সেসব প্রতিষ্ঠানের সামনেও বড় আকারের নোটিশ বোর্ড ঝোলানো হয়েছে। আগ্রহীদের সাদা কাগজে নিজের নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বিষয়টির নাম এবং যোগাযোগের নম্বর লিখে ছবি ও ভোটার আইডি বা জন্মনিবন্ধনের ফটোকপিসহ আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্র বিটিএমআই সেপ প্রকল্পের প্রধান কার্যালয়ে বা প্রার্থীর নিকটস্থ যে প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, সেখানে জমা দেওয়া যাবে। প্রশিক্ষণ পর্ব প্রধান কার্যালয়ে জমা দেওয়া আবেদনপত্র প্রার্থীর কাছাকাছি থাকা প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হবে। প্রতি ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণের সুযোগ পাবেন। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে কোনো পরীক্ষা নেওয়া হবে না। তবে এক ব্যাচে সুযোগ না পেলে পরের কোর্সে তাদের সুযোগ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণদের সনদপত্র দেওয়া হবে। এ ছাড়া প্রশিক্ষণকালীন ভাতা হিসেবে দেওয়া হবে ৩ হাজার টাকা। তাছাড়া ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণ কেন্দ্র প্রশিক্ষণের স্থানগুলো গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও ময়মনসিংহে অবস্থিত। যেসব প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হবে- স স্কয়ার টেক্সটাইলস,

সারদাগঞ্জ, গাজীপুর স ইসরাক টেক্সটাইল মিলস, মাওনা, শ্রীপুর, গাজীপুর স উত্তরা নিটিং অ্যান্ড ডাইং, কোনাবাড়ী, গাজীপুর স ভিয়েলা টেক্স, মাওনা, গাজীপুর স জেকে স্পিনিং, কোনাবাড়ী, চন্দ্রা, গাজীপুর স সিলভার লাইন কম্পোজিট টেক্সটাইল মিলস, মণিপুর, মির্জাপুর, গাজীপুর স মোশারফ কম্পোজিট টেক্সটাইল মিলস, মেস্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর স ও. এন. স্পিনিং মিলস, মেস্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর স জাহীন নিটওয়ার, মদনপুর, নারায়ণগঞ্জ স নিটার নয়রহাট, সাভার স এনজেড ডিওয়াই ফ্লাক্স স্পিনিং, গলাকান্দাইল, ভুলতা, নারায়ণগঞ্জ স ফারিহা স্পিনিং মিলস, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ স বার্ডস এ অ্যান্ড জেড, ইপিজেড রোড, সাভার স ডিভাইন ফেব্রিকস, সাভার স আলহাজ করিম টেক্সটাইলস, কামালগঞ্জ, সাভার এবং স কামাল ইয়ার্ন, স্কয়ার মাস্টারবাড়ী, ভালুকা, ময়মনসিংহ। আরও জানতে... বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন- ইউনিক ট্রেড সেন্টার, নবম তলা, ৮ পাশ্চপথ, কারওয়ান বাজার, ঢাকা বরাবর। এ ছাড়াও [www.btma-seip.com](http://www.btma-seip.com) এই ওয়েবসাইটের মাধ্যমে বিস্তারিত জানতে পারবেন।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮